সমকাল

তারিখ ... 29 OCT 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ......

# ঢাবি ও জবির ভর্তি পরীক্ষায় জালিয়াতি, আটক ১২

■ সমকাল ডেস্ক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) 'ঘ' এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষায় জালিয়াতির অভিযোগে ১২ জনকে আটক করে থানায় সোপর্দ করেছে কর্তৃপক্ষ। গতকাল শুক্রবার বিভিন্ন কেন্দ্র থেকে তাদের আটক করা হয়। তারা মোবাইল ফোন ও ইলেকট্রনিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করেছিলেন।

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** জানান, আটক শিক্ষার্থীরা হলেন– আজিমুল আবিদ খান রিফাত, আবদুল্লাহ আল কাজিম মুহসী, তারিকুল ইসলাম তুহিন, তাওহীদুল ইসলাম, এনামুল হক, মিলন হোসেন ও আবু সাঈদ। ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক এ এম আমজাদ বলেন, আটকদের বিরুদ্ধে মামলার প্রস্তুতি চলছে।

**শিক্ষামন্ত্রীকে বক্তব্য স্পষ্ট করার আহ্বান ঢাবি উপাচার্যের :** 'নীলক্ষেত থেকে বই কিনে ভর্তি পরীক্ষার প্রশ্ন করা হয়' শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সাম্প্রতিক এমন বক্তব্য স্পষ্ট করার আহ্বান জানিয়েছেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। গতকাল ভর্তি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন শেষে তিনি এ আহ্বান জানান। উপাচার্য বলেন, শিক্ষামন্ত্রীর এই বক্তব্যের সত্যতা নেই; তিনি কার কাছে বা কোন শিক্ষকের কাছে এমন তথ্য শুনেছেন, তা স্পষ্ট করেননি। তিনি বলেন, আমরা একজন শিক্ষার্থীর উচ্চশিক্ষা অর্জনের যোগ্যতা যাচাই করি। আর ভর্তি পরীক্ষার প্রশ্ন টেক্সটবুক থেকে করা হয়।

**জবি প্রতিবেদক** জানান, গতকাল বিকেলে 'ডি' ইউনিটের ভর্তি পরীক্ষা চলাকালে বিশ্ববিদ্যালয় কেন্দ্রে জালিয়াতির অভিযোগে ৫ ভর্তিচ্ছুকে আটক করা হয়। তারা হলেন– আল-মামুন, রাজন খাঁন, মেহেদী হাসান ওরফে আকাশ, রিদয় হাসান এবং তাহমিনা ইসলাম (ইভা)। পরে তাদের বিরুদ্ধে মামলা করে সূত্রাপুর থানায় সোপর্দ করে কর্তৃপক্ষ। জবি সূত্র জানায়, মোবাইল ফোনে এসএমএসে উত্তর সরবরাহের জন্য চার ছাত্র এবং ইলেকট্রিক ডিভাইস নিয়ে কেন্দ্রে প্রবেশ করায় এক ছাত্রীকে আটক করা হয়। এবার 'ডি' ইউনিটে ৫৯০টি আসনের (মানবিকে ৩৬০, বিজ্ঞানে ১৪৪, বাণিজ্য ও অন্যান্য ৮৬) বিপরীতে ৪৮ হাজার ১২ জন আবেদন করেন।